| স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ<br>শেখ হাসিনার বাংলাদেশ |
|---|

| একটাই লক্ষ্য<br>হতে হবে দক্ষ |
|---|

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

| প্রতিষ্ঠান কোড: | ৪৮১০৪ |
|---|---|
| প্রতিষ্ঠানের ধরন | স্বতন্ত্র এসএসসি (ভোকেশনাল) |

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০৩.৩১.১০৪.২৪.৭৩৬/৯২১৬

তারিখ: ১৫ মে ২০২৪খ্রি.

প্রাপক:

সুপারিনটেনডেন্ট (ভারপ্রাপ্ত)
দেওয়ান টেকনিক্যাল স্কুল (DEWAN TECHNICAL SCHOOL)
২নং বেউথা রোড, ডাক: মানিকগঞ্জ, উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ।

**বিষয়: এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার জন্য সাময়িকভাবে পাঠদানের অনুমতি প্রদান প্রসংগে।**

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শাখা-০৩ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৩.২৯.০১০.২২.১৩০, তারিখ: ১৫ এপ্রিল ২০২৪খ্রি. অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে অত্র প্রতিষ্ঠানে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৪ শিক্ষাবর্ষ হতে নিম্নলিখিত ট্রেড ও বর্ণিত আসনে নিম্নবর্ণিত শর্তাবলি আরোপপূর্বক সাময়িকভাবে ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | ট্রেড | ট্রেড কোড | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১। | আইটি সাপোর্ট এন্ড আইওটি বেসিকস | ৮৮ | ৪০ |
| ২। | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | ৯০ | ৪০ |

শর্তাবলী:

১. অনুমতি প্রাপ্তির এক বছরের মধ্যে প্রয়োজনীয় অবকাঠামো, শিক্ষক-কর্মচারী, যন্ত্রপাতি, কাঁচামাল ও শিক্ষা উপকরণসহ শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে। অন্যথায় পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।
২. দলিলের মালিকানা যাচাই করে সঠিক পাওয়া না গেলে পাঠদানের অনুমতি বাতিল করা হবে।
৩. এক বছর সময়কালে আপনার প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বিষয়ক সুযোগ-সুবিধাদি সরেজমিনে পরিদর্শনপূর্বক সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা যাবে।
৪. প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০ অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠানের চুড়ান্ত স্বীকৃতি প্রদানের সময়ও এ নীতিমালা অনুসরণ করা হবে।
৫. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস.আর.ও. নং-২৬৭-আইন/২০০৯) অনুসরণপূর্বক পাঠদান প্রাপ্তির তারিখ হতে ০৩(তিন) মাসের মধ্যে বোর্ড হইতে একটি সাংগঠনিক কমিটি/শিক্ষানুরাগী সদস্য অনুমোদন গ্রহণ করতে হবে।
৬. বোর্ডের এস.আর.ও. নং-২৬৭/আইন/২০০৯ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০ (১৫০০০) শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি ''নির্দেশিকা'' অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বইতে হিসাব সংরক্ষণ করতে হবে।
৭. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
৮. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর,ও নং-৫৪-আইন/৯৬) এবং চলমান এমপিও নীতিমালা-২০২৮ (২৩ নভেম্বর ২০২০ সংশোধীত) অনুযায়ী বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারি নিয়োগ করতে হবে।
৯. স্বতন্ত্র প্রতিষ্ঠান পাঠদান অনুমোদন পাওয়ার ১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ১নং জহির রায়হান রোড (প্রাক্তন সোনারগাঁও রোড) (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫ (ব্যানবেইস) থেকে EIIN নম্বর সংগ্রহ করে বোর্ডকে অবহিত করতে হবে। অন্যথায় শিক্ষার্থীদের (শিক্ষার্থী বলতে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য ছাত্র ও ছাত্রী, বালকদের প্রতিষ্ঠানের জন্য ছাত্র এবং বালিকাদের প্রতিষ্ঠানের জন্য ছাত্রী বুঝাবে) রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।
১০. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-৩/১জি-০৭/২০১০(অংশ)/৪১৪/১, ৯ই নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত সভার ৩(গ) সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক-কর্মচারীদের নিয়োগ প্রদান করতে হবে এবং এমপিও দাবী করা যাবে না।
১১. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
    ১২.১ পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে।
    ১২.২ ক্লাস শুরুর পূর্বেই ট্রেড বিষয়ের যন্ত্রপাতি সংগ্রহপূর্বক ল্যাব/ওয়ার্কশপে বিন্যাসকরণ নিশ্চিত করতে হবে।
    ১২.৩ বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস অনুষ্ঠান নিশ্চিত করে শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
    ১২.৪ শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক পুস্তকের ব্যবস্থা করে গ্রন্থাগার ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।
১২. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বোর্ডের শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।
১৩. পাঠদানের অনুমতি/অ্যাফিলিয়েশন প্রাপ্তির পর শিক্ষার্থী ভর্তির পূর্বে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।
১৪. স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন ট্রেডে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত ট্রেড বাতিল করা হবে।
১৫. বোর্ডের অনুমোদন ছাড়া প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলের ০৩ (তিন) লক্ষ টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে।
১৬. ইন্টারনেট সংযোগসহ ২০টি কম্পিউটার সম্বলিত সুসজ্জিত ল্যাব এবং অনুমোদিত অন্যান্য ট্রেডের সুসজ্জিত ল্যাব সর্বদা থাকতে হবে।
১৭. ভাড়া বাড়ী/ ভাড়া স্পেসে চলমান কোনো প্রতিষ্ঠান এমপিও নীতিমালা অনুযায়ী কোনোভাবেই এমপিও এর আবেদন করতে পারবে না।
১৮. আরোপিত শর্তাবলি পূরণে ব্যর্থ হলে এবং আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলি অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত স্থাপন, পাঠদান, স্বীকৃতি নীতিমালা-২০২০ ও এস,আর,ও নং ৫২-আইন/৯৬ এবং এস,আর,ও নং২৬৭/আইন/২০০৯অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

CamScanner

১৯. চূড়ান্ত স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম (০৩)তিনটি চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৪০% উত্তীর্ণ হতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি ও অন্যান্য প্রযোজ্য শর্তাবলী যাচাই করে স্বীকৃতি প্রদান করা হবে। তবে প্রতিষ্ঠান স্বীকৃতি গ্রহণের পূর্বেই অবশ্যই নির্ধারিত পরিমাণ জমি ও অবকাঠামোতে প্রতিষ্ঠান স্থানান্তরিত করতে হবে।

২০. যে জমির উপর প্রতিষ্ঠান অবস্থিত, প্রতিষ্ঠানের নামে সেই জমির রেজিষ্ট্রি দলিল ও নামজারির রেকর্ডপত্র এবং উক্ত জমির উপরে নির্মিত প্রতিষ্ঠানের নিজস্ব ভবন, অবকাঠামো সংক্রান্ত দলিলাদি ও ভাড়া বাড়ির ক্ষেত্রে বাড়ি ভাড়া চুক্তিনামাসহ অন্যান্য যে সমস্ত তথ্য সম্বলিত কাগজপত্র ইতিমধ্যে বোর্ডে জমা দেওয়া হয়েছে অথবা জমা হয়েছে পরবর্তিতে সেগুলো সঠিক প্রমাণিত না হলে এক্ষেত্রে যে কোন প্রকার প্রতারণার আশ্রয় নিলে এবং উল্লিখিত যেকোন শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এস,আর,ও,নং ৫২-আইন/৯৬ এর প্রজ্ঞাপনের ধারা ১০ বিধি এবং স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০এর ধারা ৫.৪ ও ৬.৪ অনুসারে সাময়িকভাবে পাঠদানের অনুমতি/অ্যাফিলিয়েশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫.০৫.২৪

(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৪
ই-মেইল: inspector@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০৩.৩১.১০৪.২৪.৭৩৬ (১৫)/৯৫১৬

তারিখ: ১৫ মে ২০২৪খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৪. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৫. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
৬. উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ।
৭. জেলা শিক্ষা অফিসার, জেলা: মানিকগঞ্জ।
৮. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
   (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট থেকে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনপূর্বক পরীক্ষা গ্রহণের অনুরোধসহ)
৯. উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
   (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট থেকে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে অ্যাফিলিয়েশন ফি আদায়ের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
   (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ২০২৪ শিক্ষাবর্ষ হইতে রেজিস্ট্রেশনের অনুরোধসহ)
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
   (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানটির কোড নম্বর প্রদানসহ কম্পিউটারে ডাটা সংরক্ষণের অনুরোধসহ)
১২. সভাপতি, দেওয়ান টেকনিক্যাল স্কুল
   ২নং বেউথা রোড, ডাক: মানিকগঞ্জ, উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ।
১৩. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
১৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
১৫. অফিস নথি।

১৫/৫/২০২৪

(প্রকৌ. মোঃ হুমায়ুন কবির)
উপপরিদর্শক (ভোকেশনাল)অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৪৮১২২৩২৫
ই-মেইল: divocbteb@gmail.com

CS CamScanner

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০৩.৩১.০০১.২৫.১০৭১ /৬৭৬

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

বিষয়ঃ বেসরকারি কারিগরি স্বতন্ত্র ৬৫৪ (ছয়শত চুয়ান্ন)-টি এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষ হতে প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি) শিক্ষাক্রমে সাময়িকভাবে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) ডকেট নং-১২১৩, তারিখ: ১১/০২/২০২৫খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.১৭.০০০০.০৫৩.২২.০০৭.২৩.২৫, তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২৫
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণীর স্মারক নং-৫৭.১৭.০০০০.০৫৩.২২.০০৭.২৩.১৭, তারিখ: ২৮ জানুয়ারি ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট নীতিমালার শর্তসমূহ শিথিল করে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বেসরকারি স্বতন্ত্র কারিগরি শিক্ষার এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) প্রতিষ্ঠানে ২০২৫ শিক্ষাবর্ষ হতে প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি) শিক্ষাক্রম পরিচালনার জন্য ৬৫৪ (ছয়শত চুয়ান্ন)-টি প্রতিষ্ঠানে বর্ণিত শিক্ষাক্রম ও আসনে নিম্নবর্ণিত শর্তাবলী আরোপপূর্বক সাময়িকভাবে ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুমোদিত শিক্ষাক্রম | আসন সংখ্যা (প্রতি শ্রেণিতে) |
|---|---|---|---|
| ৪২৯ | দেওয়ান টেকনিক্যাল স্কুল, ২নং বেউথা রোড, ডাক: মানিকগঞ্জ, উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ। প্রতিষ্ঠান কোড: ৪৮১০৪ | প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি) | ৫০ |

শর্তসমূহ:

১. প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি) ও এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৪ অনুসরণ করতে হবে। প্রতিষ্ঠানের চূড়ান্ত স্বীকৃতি প্রদানের সময়ও এ নীতিমালা অনুসরণ করা হবে।

২. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস.আর.ও. নং-২৬৭-আইন/২০০৯) অনুসরণপূর্বক প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০ (১৫০০০) শিক্ষা, তারিখ ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে

৩. স্বতন্ত্র প্রতিষ্ঠান পাঠদান অনুমোদন পাওয়ার ১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ১নং জহির রায়হান রোড (প্রাক্তন সোনারগাঁও রোড) (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫ (ব্যানবেইস) থেকে EIIN নম্বরের সাথে শাখা সংযোজন করে বোর্ডকে অবহিত করতে হবে। অন্যথায় শিক্ষার্থীদের (শিক্ষার্থী বলতে সহশিক্ষা প্রতিষ্ঠানের জন্য ছাত্র ও ছাত্রী, বালকদের প্রতিষ্ঠানের জন্য ছাত্র এবং বালিকাদের প্রতিষ্ঠানের জন্য ছাত্রী বুঝাবে) রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

৪. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ-৩/১জি-০৭/২০১০(অংশ)/৪১৪/১, ৯ই নভেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত সভার ৩(গ) সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক-কর্মচারীদের নিয়োগ প্রদান করতে হবে এবং এমপিও দাবী করা যাবে না।

৫. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বোর্ডের শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

৬. স্বীকৃতিপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একাধারে তিন বছর উক্ত শিক্ষাক্রমে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত শিক্ষাক্রম বাতিল করা হবে।

৭. বোর্ডের অনুমোদন ছাড়া প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলের টাকা কোনো অবস্থাতেই উত্তোলন ও ব্যয় করা যাবে না। বিনিয়োগকৃত আমানতের লভ্যাংশ প্রতিষ্ঠানের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে।

৮. ইন্টারনেট সংযোগসহ ১০ টি কম্পিউটার সম্বলিত সুসজ্জিত ল্যাব এবং অনুমোদিত শিক্ষাক্রমের সুসজ্জিত ল্যাব সর্বদা থাকতে হবে।

৯. আরোপিত শর্তাবলি পূরণে ব্যর্থ হলে এবং আবেদনপত্রে বর্ণিত তথ্যাবলী অসত্য প্রমাণিত হলে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রণীত স্থাপন, পাঠদান, স্বীকৃতি নীতিমালা ও এস,আর,ও নং ৫২-আইন/৯৬ এবং এস,আর,ও নং২৬৭/আইন/২০০৯ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে প্রেরণ করতে হবে।

১১. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারি) চাকুরি প্রবিধানমালা, ১৯৯৬ (এস,আর,ও নং-৫৪-আইন/৯৬) এবং চলমান এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ সংশোধীত) অনুযায়ী বোর্ড কর্তৃক গঠিত বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক-কর্মচারি নিয়োগ করতে হবে।

১২. পাঠদানের অনুমতি/অ্যাফিলিয়েশন প্রাপ্তির পর শিক্ষার্থী ভর্তির পূর্বে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১৩. স্বীকৃতিপ্রাপ্তির ক্ষেত্রে পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে ন্যূনতম ০৩ (তিন) টি চূড়ান্ত পরীক্ষায় (কারিগরি বোর্ড সমাপনী) অংশগ্রহণ করতে হবে। যে কোন ০২ (দুই) টি চূড়ান্ত পরীক্ষায় বিদ্যমান আসনের ৬০% পরীক্ষার্থী অংশগ্রহণ করে পরীক্ষার্থীর ৫০% উত্তীর্ণ হতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, নিজস্ব অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি ও অন্যান্য প্রযোজ্য শর্তাবলী যাচাই করে স্বীকৃতি প্রদান করা হবে।

১৪. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রতিষ্ঠান নিজস্ব স্থাপনায় স্থানান্তরসহ যে জমির উপর প্রতিষ্ঠান অবস্থিত, প্রতিষ্ঠানের নামে সেই জমির রেজিষ্ট্রি দলিল ও নামজারির রেকর্ডপত্র এবং উক্ত জমির উপরে নির্মিত প্রতিষ্ঠানের নিজস্ব ভবন, অবকাঠামো সংক্রান্ত দলিলাদিসহ অন্যান্য যে সমস্ত তথ্য সম্বলিত কাগজপত্র অনতিবিলম্বে বোর্ডে জমা করতে হবে। উল্লিখিত শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এস,আর,ও,নং ৫২-আইন/৯৬ এর প্রজ্ঞাপনের ধারা ১০ বিধি এবং স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা অনুসারে সাময়িকভাবে পাঠদানের অনুমতি/অ্যাফিলিয়েশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

১৫.১ পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখতে হবে।

১৫.২ ক্লাস শুরুর পুর্বেই ট্রেড বিষয়ের যন্ত্রপাতি সংগ্রহপূর্বক ল্যাব/ওয়ার্কশপে বিন্যাসকরণ নিশ্চিত করতে হবে।

১৫.৩ বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস অনুষ্ঠান নিশ্চিত করে শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৫.৪ শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক পুস্তকের ব্যবস্থা করে গ্রন্থাগার ব্যবহারের সুযোগ নিশ্চিত করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-
(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৪
ই-মেইল: inspector@bteb.gov.bd

অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট
দেওয়ান টেকনিক্যাল স্কুল
২নং বেউথা রোড, ডাক: মানিকগঞ্জ, উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ।

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০৩.৩১.০০১.২৫.১০৭১ (১৭) ১৬৭৬

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ / ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, ঢাকা।
৪. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ।
৬. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. জেলা প্রশাসক, জেলা: মানিকগঞ্জ।
৮. উপজেলা/থানা নির্বাহী অফিসার, উপজেলা: মানিকগঞ্জ সদর, জেলা: মানিকগঞ্জ।
৯. জেলা শিক্ষা অফিসার, জেলা: মানিকগঞ্জ।
১০. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১১. উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (২০২৫-২০২৬ অর্থবছর হতে অ্যাফিলিয়েশন ফি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
১২. উপ-সচিব (রেজিষ্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (২০২৫ শিক্ষাবর্ষ হতে রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
১৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ডাটাবেজে ডাটা সংরক্ষণের অনুরোধসহ)
১৪. সভাপতি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান), ......................
১৫. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. অফিস কপি।

২৭/০২/২০২৫
(মোহাম্মদ জমিউল আখতার খোন্দকার)
উপ-পরিদর্শক (ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৪৮১২২৩২৫